# পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)
# Palli Daridro Bimochon Foundation (PDBF)

Foundation for the alleviation of Rural Poverty.
(Established by an Act of Bangladesh Parliament)

নিউজলেটার ঃ সংখ্যা- ১৬ | ডিসেম্বর, ২০১৫


## স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে নতুন মন্ত্রী যোগদান



খন্দকার মোশাররফ হোসেন মাননীয় মন্ত্রী স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

জনাব খন্দকার মোশাররফ হোসেন বিগত ০৯ জুলাই, ২০১৫ তারিখের প্রজ্ঞাপনে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মন্ত্রী হিসেবে যোগদান করেন। এছাড়াও তিনি প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত ছিলেন। জনাব খন্দকার মোশাররফ হোসেন বাংলাদেশের গ্রামীণ কর্মসংস্থান কর্মসূচির প্রথম প্রধান প্রকৌশলী ছিলেন। তিনি বাংলাদেশ সরকার এবং উন্নয়ন সহযোগী সংস্থার অনেক উর্ধ্বতন পদে দায়িত্ব পালন করেছেন।

## সৌরচালিত সড়কবাতি স্থাপন কার্যক্রম

পিডিবিএফ সৌরশক্তি প্রকল্পের মাধ্যমে বিভিন্ন পৌরসভা এলাকায় সৌরচালিত সড়কবাতি স্থাপনের কার্যক্রম গ্রহণ করেছে। মাদারীপুর জেলার রাজৈর পৌর এলাকায় বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট এর অর্থায়নে প্রায় ১০.৪ কিঃমিঃ সড়কে ৫১৭টি সৌরচালিত সড়ক বাতি স্থাপনের কার্যক্রম শুরু হয়েছে। বিগত ০২ অক্টোবর, ২০১৫ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় নৌ-পরিবহন মন্ত্রী জনাব শাহজাহান খান, এমপি, রাজৈর পৌর এলাকায় সড়কবাতি স্থাপন কার্যক্রমের শুভ উদ্বোধন করেন।



রাজৈর উপজেলায় সৌরচালিত সড়কবাতি স্থাপন কার্যক্রমের শুভ উদ্বোধন করছেন মাননীয় নৌ-পরিবহন মন্ত্রী জনাব শাহজাহান খান, এমপি।

উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনাব মোঃ কামাল উদ্দিন বিশ্বাস, জেলা প্রশাসক, মাদারীপুর, জনাব মোঃ সরোয়ার হোসেন পুলিশ সুপার, মাদারীপুর, জনাব শাহজাহান খান, চেয়ারম্যান উপজেলা পরিষদ, রাজৈর, শামিম নেওয়াজ, মেয়র, রাজৈর পৌরসভা, পিডিবিএফ এর জনাব আ.আ.ম. আনোয়ারুজ্জামান, পরিচালক (মানব সম্পদ ও উন্নয়ন) এবং প্রকল্প পরিচালক (সৌরশক্তি প্রকল্প), মাহবুব হোসেন, প্রকল্প ব্যবস্থাপক (সৌরশক্তি প্রকল্প) ও বেগম তাছলিমা বেগম, উপ-পরিচালক, বরিশাল অঞ্চল। সৌরচালিত সড়কবাতি স্থাপনের ফলে পৌর এলাকার রাস্তা ও বাজারে রাতের বেলায় নিরবিচ্ছিন্ন ভাবে আলোর ব্যবস্থা হবে, বিদ্যুৎ বিল কম হবে, পাশাপাশি পরিবেশ দূষণমুক্ত থাকবে এবং অপরাধ প্রবণতা রোধ হবে। এছাড়াও ভোলা জেলার চরফ্যাশন পৌরসভা এলাকায় ৫০টি সৌরচালিত সড়কবাতি স্থাপন করা হয়েছে।

## পল্লী রঙ

পল্লীর দরিদ্র জনগোষ্ঠির ভাগ্য উন্নয়নে নিরলস ভাবে কাজ করে যাচ্ছে পিডিবিএফ। ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গড়ার লক্ষ্যে পিডিবিএফ গ্রামীণ জনগোষ্ঠির উৎপাদিত পণ্য সামগ্রী বাজারজাত করে আসছে। ইতোমধ্যে আগাঁরগাওয়ে সমবায় ভবনের ডিসপ্লে সেন্টারে পল্লী রঙ নামে একটি প্রদর্শনী ও বিপণন কেন্দ্র পরিচালনা করে আসছে পিডিবিএফ। বাংলাদেশের ক্ষুদ্র কুটির শিল্পের বিকাশ ও বিপণনে মধ্যস্বত্বভোগীর হাত বাদ দিয়ে সরাসরি গ্রাহকের হাতে পৌছে দেওয়ার লক্ষ্যে পিডিবিএফ পল্লী রঙ নামে বিপণন কেন্দ্রটি চালু করে।



পল্লী রঙ এর শুভ উদ্বোধন করছেন মাননীয় প্রতি মন্ত্রী জনাব মশিউর রহমান রাঙ্গা, এমপি এবং সাথে উপস্থিত ছিলেন জনাব এম এ কাদের সরকার, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

পল্লী রঙ চালুর ফলে বাজার সুবিধা বঞ্চিত জনগোষ্ঠীর পণ্য সামগ্রী সরাসরি বাজারে প্রবেশাধিকার পেল। পিডিবিএফ এর সদস্যদের উৎপাদিত পণ্য সামগ্রী বড় বড় শো-রুমে প্রবেশাধিকার পেল। এতেকরে গ্রামীণ ক্ষুদ্র কুটিরে তৈরী বিভিন্ন হাতের কাজের শাড়ী, লুঙ্গি, থ্রি-পিছ, পাঞ্জাবী, ছোট ছেলে-মেয়েদের পোষাক, বিভিন্ন গৃহসামগ্রী, কাঠের তৈরী সো পিছ, পাপোষ, ওয়ালমেট, পোড়ামাটির দ্রব্যাদি, সুলভ মূল্যে ক্রেতা সাধারণের হাতে পৌছে দেয়া সম্ভব হচ্ছে। পল্লী রঙ চালুর ফলে সারা বাংলদেশে পিডিবিএফ এর প্রায় ১০ লক্ষ গ্রামীণ সদস্য ও তাদের পরিবার উপকৃত হচ্ছে। ক্রেতা সাধারণ সুলভ মূল্যে বিভিন্ন পণ্য সামগ্রী কিনতে পেরেও ভীষণ খুশি ।

## ৫ম আন্তর্জাতিক কৃষি প্রযুক্তি মেলা, ২০১৫ এর উদ্বোধন

বিগত ২৮ মে, ২০১৫ ৫ম আন্তর্জাতিক কৃষি প্রযুক্তি মেলা, ২০১৫ এর উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন জনাব সৈয়দ আশরাফুল ইসলাম, এমপি, মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।



৫ম আর্ন্তজাতিক কৃষি প্রযুক্তি মেলায় পিডিবিএফ এর ষ্টল পরিদর্শন করছেন মাননীয় মন্ত্রী জনাব সৈয়দ আশরাফুল ইসলাম, এমপি এবং জনাব মোঃ মশিউর রহমান রাঙ্গা, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী

বিশেষ অতিথি ছিলেন জনাব মোঃ মশিউর রহমান রাঙ্গা এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। মেলাটি বসুন্ধরা আন্তর্জাতিক কনভেনশন সিটি বসুন্ধরা, বারিধারায় ২৮-৩০ মে, ২০১৫ পর্যন্ত চলে। মেলায় দেশী-বিদেশী শতাধিক প্রতিষ্ঠানের মধ্যে পিডিবিএফ এর ষ্টলটি ছিল অন্যতম। মেলার উদ্বোধনী অনুষ্ঠান শেষে আগত অতিথিবৃন্দ ও উপস্থিত দর্শকবৃন্দ মেলার বিভিন্ন ষ্টল পরিদর্শন করেন। ষ্টল পরিদর্শনকালে মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী দীর্ঘ সময় পিডিবিএফ এর ষ্টলের বিভিন্ন সামগ্রী পরিদর্শন করেন এবং পিডিবিএফ এর সোলার কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেন।

## পিডিবিএফ এর ৬৬তম বোর্ড সভা অনুষ্ঠিত

বিগত ১৪ মে, ২০১৫ পিডিবিএফ প্রধান কার্যালয় এর বোর্ড রুমে ৬৬তম বোর্ড সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব এম এ কাদের সরকার, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং চেয়ারপারসন, বোর্ড অব গভর্নর্স, পিডিবিএফ। সভায় আরো উপস্থিত ছিলেন পিডিবিএফ বোর্ড অব গভর্নর্স এর অন্যান্য সদস্য বৃন্দ। সভায় পিডিবিএফ এর সার্বিক কার্যক্রম নিয়ে আলোচনা ও পর্যালোচনা হয়। আলোচনা শেষে বোর্ড অব গভর্নর্স এর অন্যান্য সদস্যগণ পিডিবিএফ এর কার্যক্রম নিয়ে সন্তোষ প্রকাশ করেন।



পিডিবিএফ এর ৬৬তম বোর্ড সভায় সভাপতিত্ব করছেন জনাব এম এ কাদের সরকার

## নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ অনুষ্ঠিত




পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন নেত্রকোনা অঞ্চলের দুর্গাপুর কার্যালয়ের নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণে বক্তব্য রাখছেন জনাব মোহাম্মদ মোকলেছুর রহমান, উপজেলা সহকারী কমিশনার (ভূমি), পাশে উপবিষ্ট জনাব মোহাম্মদ আলী সিদ্দিকী, উপ-পরিচালক, নেত্রকোনা অঞ্চল ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

পিডিবিএফ এর সকল সুফলভোগীদের নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন এর জন্য সারা বছর ব্যাপী বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করে থাকে। এরই ধারাবাহিকতায় সমগ্র বাংলাদেশে ২০১৪-২০১৫ অর্থবছরে পিডিবিএফ এর ৩৯১টি কার্যালয়ে ২ ব্যাচ করে মোট ৫৪৭ ব্যাচে ১৩,৬৭৫ জন সুফলভোগী সদস্যদের নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে, এবং ২০১৫-২০১৬ অর্থবছরে পিডিবিএফ এর ৩৯৬টি কার্যালয়ে ২ ব্যাচ করে মোট ৫৫৩ ব্যাচে ১৩,৮২৫ জন সুফলভোগী সদস্যদের নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণে সদস্যগণকে দারিদ্র্যদের দুষ্টচক্র থেকে বেরিয়ে আসার উপায়, পুঁজি গঠন, আয় বৃদ্ধি মূলক কর্মকান্ড, ঋণের টাকার সঠিক ব্যবহার, নিরাপদ খাদ্য, স্বাস্থ্য সচেতনতা, শিক্ষা, নেতৃত্ব বিকাশ, বাল্য বিবাহের কুফল, আইনগত অধিকার ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণে আসা সুফলভোগীগণ পিডিবিএফ এর বিভিন্ন সুযোগ সুবিধা পেয়ে কিভাবে নিজেদের ভাগ্যোন্নয়ন করেছেন সে বিষয়েও পারস্পরিক আলোচনা ও স্মৃতিচারণ করেন। প্রশিক্ষণে রিসোর্স পার্সন হিসেবে গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

## মন্ত্রণালয়ের কর্মকর্তা ও জেলা প্রশাসকদের "পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন এর আইসিটি কার্যক্রম ও ই-সেবা শক্তিশালীকরণ" শীর্ষক প্রকল্পের আইসিট ল্যাব পরিদর্শন

পিডিবিএফ আইসিটি প্রকল্পের আওতায় ১০টি অঞ্চলে ১০টি ও প্রধান কার্যালয়ে ১টি সহ মোট ১১টি আইসিটি ল্যাব স্থাপন করা হয়েছে। এতেকরে পিডিবিএফ এর সহকর্মী ও সুফলভোগীরা বিনামূল্যে আইসিটি প্রশিক্ষণ নিতে পাররেন। বিগত ২২/১০/২০১৫ জনাব এ কে এম বদরুল মজিদ, অতিরিক্ত সচিব (পরিকল্পনা), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, জনাব মোঃ ছিদ্দিকুর রহমান, মহাপরিচালক, আইএমইডি, পরিকল্পনা, জনাব মোঃ মাহবুবুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক, পিডিবিএফ, জনাব মোঃ মনারুল ইসলাম, প্রকল্প পরিচালক, পিডিবিএফ আইসিটি প্রকল্প, জনাব মোঃ মোনায়েম উদ্দিন চৌধুরী, প্রোগ্রামার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এবং ১৮/১০/২০১৫ তারিখে জনাব মোঃ মোস্তফা কামাল, জেলা প্রশাসক , খুলনা, পিডিবিএফ, খুলনা অঞ্চলের আইসিটি ল্যাব পরিদর্শন করে সন্তোষ প্রকাশ করেন। এছাড়াও সচিব মহোদয় পিডিবিএফ, নাটোর অঞ্চলের আইসিটি ল্যাব পরিদর্শন করেন। বিগত ২৫/৬/২০১৫ জনাব একেএম শামসুল হক সিদ্দিকী, জেলা প্রশাসক, পিরোজপুর, পিরোজপুর আইসিটি ল্যাব পরিদর্শন করেন। বিগত ০৩/১০/২০১৫ জনাব ড. গাজী মোঃ সাইফুজ্জামান, জেলা প্রশাসক বরিশাল, পিডিবিএফ, বরিশাল অঞ্চলের আইসিটি ল্যাব পরিদর্শন করেন। বিগত অর্থ বছরে পিডিবিএফ ৯৫০ জনকে বেসিক কম্পিউটার প্রশিক্ষণ প্রদান করে এর মধ্যে সকল অঞ্চলের উপ-পরিচালক/আঞ্চলিক ব্যবস্থাপক এবং প্রধান কার্যালয়ের কর্মকর্তাগণ অন্তর্ভূক্ত ছিলেন।



পিডিবিএফ, খুলনা অঞ্চলের আইসিটি ল্যাব পরিদর্শন করছেন জনাব এ কে এম বদরুল মজিদ, অতিরিক্ত সচিব (পরিকল্পনা), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪০তম শাহাদাত বার্ষিকী পালন

স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪০তম শাহাদাত বার্ষিকী যথাযথ মর্যাদায় পালন করা হয়। ১৫ আগস্ট, ২০১৫ সকাল ৭ ঘটিকায় পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) প্রধান কার্যালয় ও উপ-পরিচালকের কার্যালয়, ঢাকা অঞ্চলের কর্মীগণ ধানমন্ডি ৩২ নং এ বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করেন। এছাড়া ১৫ আগস্ট, ২০১৫ জাতীয় শোক দিবস উপলক্ষে পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর সকল আঞ্চলিক কার্যালয়ে একযোগে মিলাদ মাহফিল ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়। দোয়া ও মিলাদ মহফিলের শেষে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সংগ্রামী জীবন ও বাংলাদেশের স্বাধীনতায় তাঁর মহান অবদান নিয়ে এক আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। পিডিবিএফ এর কর্মকর্তা-কর্মচারীগণ উক্ত অনুষ্ঠানের আলোচনা সভায় অংশগ্রহণ করেন। প্রধান কার্যালয়ের প্রশিক্ষণ হলে প্রধান কার্যালয়ের পক্ষ থেকে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। পিডিবিএফ-এর ব্যবস্থাপনা পরিচালক মহোদয় উল্লেখিত সভায় সভাপতিত্ব করেন। পিডিবিএফ, প্রধান কার্যালয় এবং উপ-পরিচালকের কার্যালয় ঢাকা, অঞ্চলের কর্মকর্তা-কর্মচারীগণ উক্ত আলোচনা সভায় অংশগ্রহণ করেন।



## ২০১৪-১৫ অর্থবছরের বার্ষিক অগ্রগতি ও ২০১৫-১৬ অর্থ বছরের কর্ম পরিকল্পনা পর্যালোচনা কর্মশালা অনুষ্ঠিত




প্রতি বছরের ন্যায় এ বছরও পিডিবিএফ এর সকল অঞ্চলের "২০১৪-১৫ অর্থবছরের বার্ষিক অগ্রগতি ও ২০১৫-১৬ অর্থ বছরের কর্ম পরিকল্পনা পর্যালোচনা কর্মশালা" অনুষ্ঠিত হয়েছে। মাননীয় ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ মাহবুবুর রহমান এর সভাপতিত্বে ইতোমধ্যে ৭টি কর্মশালা অনুষ্ঠিত হয়। ১১ সেপ্টেম্বর, ২০১৫ তারিখে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ এর কৃষি অনুষদ সম্মেলন কেন্দ্রে ময়মনসিংহ, জামালপুর ও নেত্রকোনা অঞ্চল, ১২ সেপ্টেম্বর ২০১৫ তারিখে আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, নরসিংদীতে নারসিংদী, কিশোরগঞ্জ ও কুমিল্লা অঞ্চল, ১৭ সেপ্টেম্বর ২০১৫ তারিখে জেলা পরিষদ সম্মেলন কেন্দ্র ফরিদপুর-এ ফরিদপুর ও মাগুরা অঞ্চল, ১৮ সেপ্টেম্বর ২০১৫ তারিখে রজনীগন্ধা কমিউনিটি সেন্টার, বরিশাল-এ, বরিশাল, পিরোজপুর, ভোলা ও পটুয়াখালী অঞ্চল, ০৯ অক্টোবর, ২০১৫ তারিখে নবাব সিরাজ-উদ-দৌলা সরকারী কলেজ অডিটরিয়াম, নাটোর-এ নাটোর ও কুষ্টিয়া অঞ্চল, ১০ অক্টোবর ২০১৫ তারিখে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া-এ বগুড়া ও টাঙ্গাইল অঞ্চল এবং ১১ অক্টোবর, ২০১৫ তারিখে হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অডিটরিয়াম-২, দিনাজপুর-এ দিনাজপুর, ঠাকুরগাঁও ও রংপুর অঞ্চলের কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় পিডিবিএফ এর সংশ্লিষ্ট অঞ্চল সমূহের সকল আঞ্চলিক ব্যবস্থাপক/ উপ-পরিচালক, উর্ধ্বতন সহকারী পরিচালক, উর্ধ্বতন/দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, শাখা ব্যবস্থাপক, সহকারী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা (ক্ষুদ্র উদ্যোক্তা), সোলার কো-অডিনেটর, সোলার কর্মকর্তা এবং আয়োজক অঞ্চলের আঞ্চলিক কার্যালয়ের সকল কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন। কর্মশালায় সারা দিনব্যাপী ২০১৪-১৫ অর্থবছরের বার্ষিক অগ্রগতি ও ২০১৫-১৬ অর্থ বছরের কর্ম পরিকল্পনা নিয়ে আলোচনা ,পর্যালোচনা ও মনিটরিং করা হয় এবং স্বয়ম্ভর পিডিবিএফ বিনির্মাণে ব্যাপক পরিকল্পনা গ্রহণ করা হয়। বিগত অর্থবছরে সুন্দর একটি আর্থিক বছর সম্পন্ন করায় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সকল সহকর্মীকে আন্তরিক ধন্যবাদ জানান। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সকল সহকর্মীকে গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠিকে সেবা দানের মানষিকতা নিয়ে কাজ করার আহ্বান জানান এবং প্রতিটি ঘরে ঘরে পিডিবিএফ এর সেবা পৌছে দেয়ার আহ্বান জানান। উক্ত কর্মশালায় ব্যবস্থাপনা পরিচালকের সাথে প্রধান কার্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন ।

## উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তাদের বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড) এ ৫ দিনের রিফ্রেসার্স প্রশিক্ষণ গ্রহণ



বিগত ১৩-১৭ সেপ্টেম্বর, ২০১৫ সম্পূর্ণ সরকারী অর্থায়নে বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড) প্রশিক্ষণ কেন্দ্র, কোটালী পাড়া, গোপালগঞ্জে উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তাদের বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড) এ ৫ দিনের রিফ্রেসার্স প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

উল্লেখিত রিফ্রেসার্স প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য মাগুরা, খুলনা, বরিশাল ও সাতক্ষীরা অঞ্চলের ৩০ জন উর্ধ্বতন/উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তাকে মনোনীত করা হয়। প্রশিক্ষণের অংশ হিসেবে একদিনের ষ্টাডি টুর প্রোগ্রামও ছিল। এই প্রশিক্ষণের ফলে উক্ত কর্মকর্তাগণ তথ্য প্রযুক্তি, দুর্নীতির কুফল, দারিদ্রের দুষ্ট চক্র, দারিদ্রের ধরণ, দারিদ্র নিরসনের কৌশল সম্পর্কে সম্যক জ্ঞান লাভ করেন। এর ফলে দারিদ্র্য বিমোচনে আরো বেশী সহায়ক ভূমিকা পালন করবেন বলে আশাবাদ ব্যক্ত করেন।

**প্রশিক্ষণে যে সকল অংশগ্রহণকারী অংশগ্রহণ করেন তারা হলেন ঃ**

জনাব মোঃ জাকির হোসেন, জনাব মোঃ তোফাজ্জেল হোসেন, জনাব কাজী মোঃ মুসা, জনাব বিজন কুমার মন্ডল, জনাব মোঃ মতিয়ার রহমান, জনাব পরিমল কুমার দাস, জনাব শেখ কামালুর রহমান, জনাব মোঃ গোলাম মোস্তফা, বিলকিস জাহান জোদ্দার, জনাব মোঃ রফিকুল ইসলাম, জনাব অসীম কুমার সিকদার, জনাব প্রতাপ চন্দ্র দাস, বেগম লুৎফুন্নেছা, জনাব আব্দুল হক হাওলাদার, জনাব উজ্জ্বল কুমার ভট্টাচার্য্য, জনাব মোঃ আশরাফ আলী, জনাব মোঃ রুহুল আমিন, জনাব মোঃ সেলিম মিয়া, জনাব মোঃ আব্দুল হক মিয়া, জনাব আঃ রহমান হাওলাদার, রীতা রানী হালদার, জনাব উৎপল দাস, জনাব মোঃ ইয়াকুব আলী, জনাব গোপাল চন্দ্র দাস, জনাব সত্য রঞ্জন হালদার, জনাব মোঃ আব্দুল ওয়াজেদ, জনাব মোঃ আবুল হাসান, জনাব বিপ্লব কান্তি বৈদ্য, জনাব বি এম ফিরোজ আহমেদ, জনাব হেলাল মুস্তাফিজুর রহমান প্রমুখ।

## ডালিম বেগম হাতেই তৈরী করেন সেমাই

অনেকদিন আগের কথা। ১৭ বছর আগে যখন দনি চাঁদকাঠীতে পিডিবিএফ-এর সমিতি গঠন হয় ডালিম বেগম তখন থেকেই সদস্য। সংসারের আয় উন্নতি করার জন্য তিনি নিয়মিত সঞ্চয় জমা করতে থাকেন সমিতিতে। ডালিম বেগমের সেই ক্ষুদ্র সঞ্চয় আজ ৫৮,৭৭৯/- টাকা, সোনালী সঞ্চয় ২৮,০০০/- টাকা এবং মেয়াদি সঞ্চয় ১০,০০০/- টাকা মোট ৯৬,৭৭৯/- টাকা । সর্বপ্রথম ২,৫০০/- টাকা ঋণ নিয়ে শুরু করেন মুড়ি ভাজা। দিনে দিনে তার মুড়িভাজার কাজে যোগ দেন আরো ৫-৬ জন। ভাজা মুড়ি বাজারের দোকানে দোকানে পৌছে দিতে কেনেন একটি ভ্যান। এভাবে কেটে গেছে কয়েকটি বছর। ডালিম বেগম ভাবতে থাকেন আর কী করা যায়? এরই মধ্যে পেয়ে যান সেমাই তৈরীর কারখানার সন্ধান। সিদ্ধান্ত নেন সেমাই তৈরীর কারখানা করবেন। পিডিবিএফ ঝালকাঠী কার্যালয় থেকে ৫০,০০০/- টাকা ঋণ নিয়ে একটি সেমাই তৈরীর কারখানা দেন।



বর্তমানে ডালিম বেগমের ক্ষুদ্র এ প্রতিষ্ঠানটিতে মুড়িভাজার কাজে, সেমাই তৈরীর কারখানায় এবং ডেলিভারীম্যান সহ প্রায় ২০ জন লোক কাজ করছে। সকল খরচ বাদে ডালিম বেগমের মাসিক আয় বর্তমানে প্রায় ৩০,০০০/- টাকা। ডালিম বেগমের ০৬ সদস্যের সংসারে এখন সুখের কোন শেষ নেই। তাঁর বড় ছেলে বি এ এবং ছোট ছেলে এসএসসি পড়ে। মেয়ে দুটোকে ভাল পরিবারে বিয়ে-শাদী দিয়েছেন। এ পর্যন্ত ঋণ নিয়েছেন ১৭ বার এবং বর্তমান ঋণের পরিমাণ ১,০০,০০০/- টাকা। পাড়া প্রতিবেশীর কাছে ডালিম বেগম এখন একটি আদর্শ। ডালিম বেগম বলেন পিডিবিএফ এর সহযোগিতা ছাড়া আমার এ সংগ্রামী জীবনে স্বচ্ছলতা আসতনা। পিডিবিএফ এর কাছে আমি কিভাবে উন্নতি করতে হয় তা শিখেছি। এ জন্য আমি পিডিবিএফ এর নিকট চিরকৃতজ্ঞ।

আরতী মন্ডল, মাঠ কর্মকর্তা, ঝালকাঠি সদর, ঝালকাঠি।

★ যাহার বিনয় ও দয়া নাই সে সকল ভাল গুণ থেকে বঞ্চিত।
★ মানবতার সেবায় যিনি নিজের জীবন নিঃশেষ বিলিয়ে দিতে পারেন তিনিই মহামানব।
-আল হাদিস

## মন্ত্রণালয়ের কর্মকর্তাদের পিডিবিএফ এর মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ ) কর্তৃক বাস্তবায়নাধীন "দারিদ্র্য দূরীকরণ ও আত্মকর্মসংস্থান সৃষ্টির জন্য পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর কার্যক্রম সম্প্রসারণ" শীর্ষক প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের নিমিত্তে মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ বেশ কয়েকটি টিম গঠন করে সম্প্রতি পিডিবিএফ এর কয়েকটি কর্ম এলাকা পরিদর্শন করেন। পিডিবিএফ কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পের সামগ্রিক অবস্থা সরেজমিনে পরিদর্শনের জন্য মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ মোট ১০০টি  কর্ম এলাকার মধ্যে দৈবচয়ন পদ্ধতিতে কর্মএলাকা সমূহ নির্বাচন করেন। এছাড়াও আরো কয়েকটি টিম পিডিবিএফ এর মূল কার্যক্রম এলাকা পরিদর্শন করেন। পরিদর্শনকালীন সময়ে উক্ত টিমগুলো প্রকল্পের চলমান কার্যক্রম নিখুঁতভাবে পর্যবেক্ষণ করেন এবং সরাসরি উপকারভোগীদের সাথে মতবিনিময় করে প্রকল্পের সামগ্রিক বিষয় অবগত হন। অতঃপর মূল্যায়ন কমিটি তাদের গুরুত্বপূর্ণ মূল্যায়নে যে কয়েকটি বিষয়ে মতামত প্রদান করেন তন্মধ্যে  উল্লেখযোগ্য কয়েকটি হ'ল ঃ

- পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) কর্তৃক বাস্তবায়নাধীন "দারিদ্র্য দূরীকরণ ও আত্মকর্মসংস্থান সৃষ্টির জন্য পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর কার্যক্রম সম্প্রসারণ" শীর্ষক প্রকল্পের মাধ্যমে দরিদ্র  মহিলাদের নিয়ে গ্রুপ এপ্রোচ এর মাধ্যমে সমিতি গঠন করে আয়বৃদ্ধিমূলক কর্মকান্ড বাস্তবায়ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান, উৎপাদনের কৌশল, শিক্ষা প্রয়োজনীয় ঋণ প্রদান, বাজারজাতকরণের প্রক্রিয়া ও সমিতি পর্যায়ে ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে নিজস্ব পুঁজি গঠনের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির ব্যাবস্থা করেছে।

- গ্রামীণ মহিলাদেরকে বিভিন্ন আয়বৃদ্ধিমূলক কর্মকান্ডে সম্পৃক্ত করার জন্য শো-পিচ তৈরী, মোবাইল মেরামত এবং বিউটি পার্লার স্থাপনের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেন।

- মূল্যায়ন কমিটি প্রকল্পের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন এবং এই প্রকল্পকে একটি সফল প্রকল্প হিসেবে অভিহিত করেন। ভবিষ্যতে আরও অধিক সংখ্যক দরিদ্র মানুষকে সেবা দেয়ার জন্য সমগ্র বাংলাদেশে পিডিবিএফ এর কার্যক্রম সম্প্রসারণের জন্য কমিটি সুপারিশ করেন।

- মূল্যায়ন কমিটি প্রকল্পের কার্যক্রম পর্যবেক্ষণ করে এই সিদ্ধান্তে উপনীত হন যে, সম্পুর্ণ সরকারী অর্থায়নে দরিদ্র মানুষকে সেবা দেওয়ার জন্য পিডিবিএফ এর আওতায় সমগ্র বাংলাদেশে প্রকল্প কার্যক্রম সম্প্রসারণের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

### "পিডিবিএফ এর কার্যক্রম সম্প্রসারণ" শীর্ষক প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের নিমিত্তে পরিদর্শনকারী টিম সমূহঃ

০১। জনাব আশরাফুল মোসাদ্দেক, যুগ্ম-সচিব (উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর নেতৃত্বে একটি টিম  বিগত ০২/১০/২০১৫ইং তারিখ নাটোর অঞ্চলের ঝিনাইদহ জেলার হরিণাকুন্ডু উপজেলার শিতলা মহিলা সমিতি, জোড়া দহ শাহ পাড়া মহিলা সমিতি এবং ক্ষুদ্র উদ্দ্যোক্তা সদস্য সুলতানা পারভীনের গরু মোটাতাজাকরণ খামার ও উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তার কার্যালয় পরিদর্শন করেন। ০৪/১০/২০১৫ইং তারিখ নাটোর অঞ্চলের কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার চিতলিয়া মহিলা সমিতি পরিদর্শন করেন। পরিদর্শনকালীন সময়ে আরো উপস্থিত ছিলেন জনাব মোঃ মাসুদুর রহমান বিশ্বাস, সিনিয়র সহকারী প্রধান, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, জনাব সৈয়দ জাহিদুল আনাম, সিনিয়র সহকারী প্রধান, পল্লী প্রতিষ্ঠান উইং, মনিরা পারভীন, উপজেলা নির্বাহী কর্মকর্তা, হরিণাকুন্ডু, উক্ত প্রকল্পের উপ-প্রকল্প পরিচালক জনাব ড. মোঃ মনারুল ইসলাম, সহকারী পরিচালক, জনাব মোঃ আব্দুল আউয়াল,  কুষ্টিয়া অঞ্চলের আঞ্চলিক ব্যবস্থাপক, জনাব সুশীল মজুমদার।



হরিণাকুন্ডু উপজেলার শিতলা মহিলা সমিতির সদস্যদের সাথে মত বিনিময় করছেন জনাব আশরাফুল মোসাদ্দেক, যুগ্ম-সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং হরিণাকুন্ডু উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তা বেগম মনিরা পারভীন।

০২। জনাব একেএম বদরুল মজিদ, অতিরিক্ত সচিব (পরিকল্পনা), পল্লী  উন্নয়ন ও সমবায় বিভাগ, এবং জনাব মোঃ সিদ্দিকুর রহমান মহাপরিচালক, আই এম ই ডি শেরে-বাংলা নগর ঢাকা এর নেতৃত্বে একটি টিম বিগত ০৩-০৪ অক্টোবর, ২০১৫ কুমিল্লা অঞ্চলের (ব্রাহ্মণবাড়ীয়া সদর, কসবা ও আদর্শ সদর কুমিল্লা) পিডিবিএফ সম্প্রসারণ প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেন। পরিদর্শনকালে আরো উপস্থিত ছিলেন পিডিবিএফ এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ মাহবুবুর রহমান, পিডিবিএফ সম্প্রসারণ প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মোঃ সগির হোসেন এবং পিডিবিএফ কুমিল্লা অঞ্চলের আঞ্চলিক ব্যবস্থাপক, জনাব মোঃ হাবিবুর রহমান। পরিদর্শন টীম পরিদর্শনকালে ব্রাহ্মণবাড়ীয়া সদর উপজেলার  আওতাধীন অষ্টগ্রাম উত্তরপাড়া মহিলা সমিতি, খৈয়াসার মহিলা সমিতি, কসবা উপজেলার  কলেজ পাড়া মহিলা সমিতি এবং  কুমিল্লা জেলার আদর্শ সদর উপজেলার বাজ গড্ডা মহিলা সমিতি এবং শালধর সমারচর মহিলা সমিতির বিভিন্ন কার্যক্রম যেমন গরু মোটাতাজাকরণ, গাভী পালন, ছাগল পালন, মোরগ-মুরগী পালন, হাঁস পালন, শাক সব্জীর চাষ, হাতের কাজ, নকসী কাঁথা সেলাই, কলা চাষ, নার্সারী এবং দর্জির কাজ সরেজমিনে পর্যবেক্ষণ করেন।



ব্রাহ্মণবাড়ীয়া সদর উপজেলার অষ্টগ্রাম উত্তরপাড়া মহিলা সমিতির সভায় মত বিনিময় করছেন জনাব একেএম বদরুল মজিদ, অতিরিক্ত সচিব, পল্লী  উন্নয়ন ও সমবায় বিভাগ, জনাব মোঃ ছিদ্দিকুর রহমান, মহাপরিচালক, আইএমইডি, শেরে-বাংলা নগর, ঢাকা এবং পিডিবিএফ এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ মাহবুবুর রহমান প্রমুখ।

## লোকমান শেখ একজন সফল কৃষি খামারী

লেখাপড়া না জানা লোকমানের বাড়ী বাগেরহাট জেলার কচুয়া উপজেলার টেংরাখালী গ্রামে। পরিশ্রমী লোকমান শেখ এর আর্থিক অবস্থাও তেমন ভাল ছিল না। দুই ছেলে ও স্ত্রী সহ ৪ জনের সংসার। সামান্য কাঠের ব্যবসায় সংসারের খরচ কুলিয়ে উঠছিলনা। ভাবছিলেন কি করে সংসারে স্বচ্ছলতা আনা যায়। খোঁজ নিয়ে জানতে পারেন পিডিবিএফ অফিস থেকে ব্যবসার জন্য ঋণ পাওয়া যায়। জীবন সংগ্রামে জয়ী হওয়ার প্রচন্ড ইচ্ছে নিয়ে যোগাযোগ করেন পিডিবিএফ অফিসে। ইউডিবিও ও সেলপ  কর্মকর্তাগণ লোকমানের কাঠের দোকান দেখে ১,০০,০০০/- টাকা ঋণ প্রদানের আগ্রহ প্রকাশ করেন। লোকমান শেখ ঋণ পাওয়ার কথা শুনে খুবই খুশি হন। যথা সময়ে ১,০০,০০০/- টাকা ঋণ নিয়ে স্ত্রীর সাথে পরামর্শ করেন কি ভাবে এই ঋণের টাকার সঠিক ব্যবহার করা যায়। ভাবতে ভাবতে তার স্ত্রী বলেন বাড়ীর পাশে কয়েকজন কলার ও পেঁপের বাগান করে বেশ ভাল আছে। আমরা তাদের সাথে পরামর্শ করতে পারি। প্রতিবেশীর সাথে আলাপ আলোচনা করে সিদ্ধান্ত নেন তারাও কলা ও পেঁপের বাগান করবেন।



পুকুর সহ ০৩ একর জমি লীজ নেন। লোকমানের সাথে তার স্ত্রী বাগানের কাজে কঠোর পরিশ্রম শুরু করেন। কয়েক দিনের মধ্যে বাগানটি সবুজে সবুজে ভরে উঠল। বাগানের মাঝের পুকুরেও মাছের পোনা ছাড়েন লোকমান শেখ। ব্যবসার পাশা-পাশি বাগান থেকে কলা ও পেঁপে বিক্রির টাকায় সংসারের স্বচ্ছলতা আসে লোকমান শেখের। লোকমান শেখ এখন অনেক সুখী। কাঠের ব্যবসার পুঁজিও অনেক বৃদ্ধি পেয়েছে। লোকমান শেখ এখন স্বাবলম্বী। লোকমান শেখ বলেন পিডিবিএফ থেকে এমন সহজে ঋণ না পেলে তার জীবনে স্বচ্ছলতা আসত না, এ জন্য তিনি পিডিবিএফ এর  কাছে ঋণী।

# দু'টি প্রকল্পের সফল সমাপ্তি

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন বিগত ২০১৪-১৫ অর্থ বছরে সরকারী অর্থায়নে দু'টি প্রকল্প সফলভাবে সমাপ্ত করেছে। সমাপ্ত প্রকল্প দু'টির কার্যক্রম সংক্ষিপ্তাকারে তুলে ধরা হলো।

## প্রকল্প- ১

## বাংলাদেশের জলবায়ু দুর্গত এলাকায় সৌরশক্তি উন্নয়ন প্রকল্প

(Solar Energy Development in the Climate Vulnerable Areas of Bangladesh.)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিবেশ ও বন মন্ত্রণালয়ের জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড এর অর্থায়নে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) কর্তৃক Solar Energy Development in the climate Vulnerable Areas of Bangladesh শীর্ষক প্রকল্পটি উপকূলীয় এলাকার ৮টি জেলার মোট ২০টি উপজেলায় (শরণখোলা, মোড়েলগঞ্জ, মঠবাড়ীয়া, মনপুরা, পাথরঘাটা, বামনা, বেতাগী, বরগুনা সদর, আমতলী, পটুয়াখালী সদর, বাউফল, কলাপাড়া, দশমিনা, গলাচিপা, মেহেন্দীগঞ্জ, কয়রা, দাকোপ, পাইকগাছা, শ্যামনগর, ও আশাশুনি) বাস্তবায়ন করা হয়েছে। প্রকল্পটির মেয়াদকাল ছিল জানুয়ারী, ২০১২ হতে ডিসেম্বর, ২০১৪ পর্যন্ত। প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ধরা হয়েছিল ১৯ কোটি ৫০ লক্ষ ২৯ হাজার টাকা।



ক্লাইমেট চেইঞ্জ ইউনিটের ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মোঃ দিদারুল আহসান পিডিবিএফ কর্তৃক বাস্তবায়নাধীন বাংলাদেশের জলবায়ু দুর্গত এলাকায় সৌরশক্তি উন্নয় প্রকল্প পরিদর্শন কালে আমতলী কার্যালয়ে সোলার হোম সিস্টেম হস্তান্তর করছেন।

প্রকল্পটির মূল লক্ষ্য ও উদ্দেশ্য ছিল উপকূলীয় অঞ্চলে জৈব জ্বালানীর ব্যবহার হ্রাস করার মাধ্যমে বায়ুমন্ডলে কার্বন নিঃস্বরণ কমিয়ে প্রাকৃতিক দুর্যোগের ঝুঁকি কমিয়ে আনা এবং মানুষের জীবন যাত্রার মানের উন্নয়ন ঘটানো। এছাড়া প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ ছিল গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর কাছে নবায়নযোগ্য শক্তি পৌছে দেওয়া, নবায়নযোগ্য শক্তি ব্যবহার করে আয়বর্ধনমূলক কার্যক্রম সৃষ্টি করা, পিডিবিএফ এ নবায়নযোগ্য শক্তি কার্যক্রম এবং ক্ষুদ্র ঋণ কার্যক্রমের মধ্যে একটা মেলবন্ধন তৈরী করা, উপকূলীয় এলাকার জীবন যাত্রার মানে ইতিবাচক পরিবর্তন আনয়ন এবং নবায়নযোগ্য শক্তি উৎপাদন বৃদ্ধির মাধ্যমে ক্ষতিকর কার্বন নিঃস্বরণ হ্রাস করণ। প্রকল্পটি গত ৩১ ডিসেম্বর, ২০১৪ তে সফলভাবে সমাপ্ত হয়েছে। বর্ণিত প্রকল্পটি চলমান থাকা অবস্থায় জনসাধারণের মধ্যে সচেতনতা সৃষ্টির মাধ্যমে সোলার সিস্টেমকে জনপ্রিয় করে তোলার লক্ষ্যে সমগ্র বাংলাদেশে ৬৪০টি সোলার সিস্টেম বিনা মূল্যে বিভিন্ন জনপ্রতিষ্ঠানে (স্কুল, কলেজ, মাদ্রাসা, এতিমখানা, মসজিদ, মন্দির, ক্লাব ঘর, বিভিন্ন অফিস ইত্যাদি) স্থাপন করা সহ সর্বমোট ৬৪০০টি সোলার হোম সিস্টেম স্থাপন করা হয়েছে। যার ফলে ২০টি উপজেলার বিদ্যুৎ সুবিধা বঞ্চিত জনসাধারণ উপকৃত হচ্ছে। বর্ণিত প্রকল্প বাস্তবায়নের ফলে জাতীয় গ্রীড সুবিধার পাশাপাশি সৌরবিদ্যুৎ সুবিধা প্রদান করার মাধ্যমে বিদ্যুৎ চাহিদা মেটানো হচ্ছে।



সৌর শক্তি উন্নয়ন প্রকল্পের আওতায় প্রদত্ত সোলার সিস্টেম দ্বারা পরিচালিত মনপুরা বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের কম্পিউটার ল্যাব।

প্রকল্পটি বাস্তবায়নকালীন সময়ে মন্ত্রণালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের একজন অতিরিক্ত সচিব এর নেতৃত্বে গঠিত মূল্যায়ন কমিটি প্রকল্পটি মূল্যায়নের জন্য মাঠ পর্যায়ে প্রকল্প কার্যক্রম পরিদর্শন করেন। উক্ত মূল্যায়ন কমিটিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতিনিধি ছাড়াও পরিকল্পনা কমিশনের প্রতিনিধি, আইএমইডি এর প্রতিনিধি এবং প্রকল্প পরিচালক ও উপ-প্রকল্প পরিচালক সদস্য হিসাবে উপস্থিত ছিলেন। মূল্যায়ন কমিটি তাদের মূল্যায়নে প্রকল্পের কার্যক্রম সম্পর্কে সন্তোষ প্রকাশ করেন এবং পিডিবিএফ এর প্রসংশা করেন।

মন্ত্রণালয় কর্তৃক গঠিত মূল্যায়ন কমিটি ছাড়াও প্রকল্প দলিলের শর্তানুযায়ী আউট সোর্সিং এর মাধ্যমে বাইরের একটি প্রতিষ্ঠান দিয়ে প্রকল্পের কার্যক্রম মূল্যায়ন করা হয়। এ মূল্যায়নেও প্রকল্পের কার্যক্রমের প্রশংসা করা হয় এবং এ ধরণের কার্যক্রমের ধারাবাহিকতা রক্ষা করার সুপারিশ করা হয়।

এছাড়াও বিভিন্ন সময়ে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট এর ব্যবস্থাপনা পরিচালক সহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ মাঠ পর্যায়ে প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেন এবং প্রকল্পের কার্যক্রম সম্পর্কে সন্তোষ প্রকাশ করেন।

প্রকল্পটির ধারাবাহিকতা বজায় রাখার জন্য সমাপ্ত প্রকল্পটির অর্থ ঘূর্ণায়মান তহবিল হিসাবে ব্যবহারের মাধ্যমে বর্তমানে কর্মসূচি আকারে পরিচালিত হচ্ছে।

## প্রকল্প- ২

## ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্রে সোলার সিস্টেম স্থাপন প্রকল্প

''Installation of Solar Systems at Union Information and Service Center (UISC)"

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন ইতোমধ্যে আরো একটি প্রকল্প সফলভাবে বাস্তবায়ন করতে সক্ষম হয়েছে। প্রকল্পটি হচ্ছে ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্রে সোলার সিস্টেম স্থাপন {Installation of Solar Systems at Union Information and Service Centers (UISC)} শীর্ষক প্রকল্প। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিবেশ ও বন মন্ত্রণালয়ের জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের A2I প্রোগ্রামের অর্থায়নে পিডিবিএফ প্রকল্পটি বাস্তবায়ন করে।

প্রকল্পটির মূল উদ্দেশ্য ছিল ইউআইএসসি (বর্তমানে ইউনিয়ন ডিজিটাল সেন্টার বা ইউডিসি) থেকে গ্রামীণ জনসাধারণ যাতে নিরবচ্ছিন্নভাবে তথ্য ও সেবা পেতে পারে সেজন্য গ্রীড সুবিধার পাশাপাশি সহায়ক (ব্যাকআপ) হিসেবে ইউআইএসসিসমূহে সৌরবিদ্যুৎ সুবিধা নিশ্চিতকরণ।

প্রধানমন্ত্রীর কার্যালয়ের Access to Information (A2I) প্রোগ্রামের উদ্যোগে দেশের সকল ইউনিয়ন পরিষদে ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্র (ইউআইএসসি) স্থাপন করা হয়। এ তথ্য ও সেবা কেন্দ্র হচ্ছে তথ্য-প্রযুক্তি নির্ভর একটি অত্যাধুনিক তথ্য ও জ্ঞানকেন্দ্র (টেলিসেন্টার)। এ কেন্দ্র থেকে গ্রামীণ জনগণ খুব সহজেই তাদের বাড়ীর কাছে পরিচিত পরিবেশে জীবন ও জীবিকাভিত্তিক তথ্য ও প্রয়োজনীয় সেবা পায়। তৃণমূল মানুষের কাছে কোন ধরণের ঝামেলা ছাড়াই কম খরচে এবং কম সময়ে তথ্য ও সেবা পৌছে দিয়ে তাদেরকে জাতীয় উন্নয়নের মূলধারায় সম্পৃক্ত করার লক্ষ্যে দেশের সকল ইউনিয়ন পরিষদে এ ধরণের সেবাকেন্দ্র স্থাপন করা হয়েছে।



মন্ত্রণালয়ের মনিটরিং টীম কর্তৃক মুন্সিগঞ্জ জেলার সিরাজদিখান উপজেলার রশুনিয়া ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্র পরিদর্শন।

দেশে মোট ইউআইএসসির সংখ্যা ৪,৫৭৯টি যার মধ্যে ১০১৩টি কেন্দ্র বিদ্যুৎবিহীন এলাকায় অবস্থিত বিদ্যুৎ সুবিধা প্রদানের জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ইতঃপূর্বে সোলার সিস্টেম স্থাপন করেছে। অবশিষ্ট ৩,৫৬৬টি কেন্দ্রে বিদ্যুৎ সংযোগ থাকলেও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ না থাকায় গ্রামের জনসাধারণকে ধারাবাহিক সেবা প্রদান করা বাধাগ্রস্থ হচ্ছিল।

উল্লেখিত প্রকল্পের আওতায় ৩,২০৮ (তিন হাজার দুইশত আট) টি কেন্দ্রে সোলার সিস্টেম স্থাপন করা হয়। এছাড়াও বিদ্যুৎ সংযোগ আছে এমন ইউআইএসসি সমূহের উদ্যোক্তাগণকে সোলার সিস্টেম ব্যবহার সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা হয়।

ইউআইএসসি'র (বর্তমানে ইউডিসি) মূল লক্ষ্য হল ইউনিয়ন পরিষদকে একটি জ্ঞান-ভিত্তিক প্রতিষ্ঠানে পরিণত করা যাতে এই সব প্রতিষ্ঠান ২০২১ সালের মধ্যে একটি জ্ঞান-ভিত্তিক দেশ প্রতিষ্ঠায় যথাযথ ভূমিকা রাখতে পারে। সাথে সাথে এই সব কেন্দ্র সরকারি তথ্য ও সেবাসমূহ জনগণের কাছাকাছি নিয়ে যেতে, প্রযুক্তি বিভেদ দূর করতে এবং সকল নাগরিককে তথ্য প্রবাহের আধুনিক ব্যবস্থার সাথে যুক্ত করতে সুদূরপ্রসারী ভূমিকা রাখতে পারে। ইউআইএসসি'র বর্তমান সেবাসমূহ নিম্নরূপঃ

পাবলিক পরীক্ষার ফলাফল, অনলাইনে বিশ্ববিদ্যালয়ে ভর্তি, সরকারি ফরম, জন্ম ও মৃত্যু নিবন্ধন, জীবন-বীমা, টেলিমেডিসিন, কৃষি পরামর্শ, ই-পুঁজি, বেসরকারি শিক্ষক কর্মচারিদের অবসর ভাতা ও কল্যাণ ট্রাস্ট্রের ভাতার আবেদন, জেলা প্রশাসকের কার্যালয়ের সেবাসমূহ, মোবাইল ব্যাংকিং (ডাচ-বাংলা, মার্কেন্টাইল, বিকাশ, ট্রাস্ট ও ওয়ান ব্যাংক), ইমেইল ও ইন্টারনেট ব্রাউজিং, কম্পিউটার প্রশিক্ষণ, ব্রিটিশ কাউন্সিলের ইংরেজী শিক্ষা, ছবি তোলা, স্ক্যান, ফটোকপি, লেমিনেশন, কম্পোজ/প্রিন্ট, মাটি পরীক্ষা, পানি পরীক্ষা, আর্সেনিক পরীক্ষা, ওজন ও উচ্চতা পরিমাপ ইত্যাদি।

প্রকল্পটি বাস্তবায়নের ফলে জৈব জ্বালানীর ব্যবহার হ্রাস করার মাধ্যমে বায়ুমন্ডলে কার্বন নিঃস্বরণ কমিয়ে প্রাকৃতিক দুর্যোগের ঝুঁকি কমিয়ে আনা সহ মানুষের জীবন যাত্রার মানের উন্নয়ন ঘটানো হয়েছে। এছাড়াও ইউআইএসসি থেকে গ্রামের জনসাধারণ নিরবচ্ছিন্ন তথ্য সেবা পাচ্ছে, গ্রামীণ জনগণের তথ্যভান্ডারে প্রবেশাধিকার নিশ্চিত হয়েছে, ইউআইএসসির উদ্যোক্তাদের কর্মদক্ষতা ও উপার্জন বৃদ্ধি পাওয়ার পাশাপাশি সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার কাজ আরও বেগবান হয়েছে।

এ প্রকল্পটিও বিভিন্ন সময়ে মন্ত্রণালয় এবং বিসিসির কর্মকর্তাগণ পরিদর্শন করেছেন। তাছাড়া মন্ত্রণালয় কর্তৃক গঠিত প্রকল্প বাস্তবায়ন কমিটি, প্রকল্প মনিটরিং কমিটি প্রকল্পটির বাস্তবায়ন এবং কার্যক্রম তদারকি করেছে। মন্ত্রণালয় এবং বিসিসিটির কর্মকর্তাগণ মাঠ পর্যায়ে প্রকল্পের কাজ পরিদর্শন করে সন্তোষ প্রকাশ করেন। পিডিবিএফ এর উদ্যোগে এ প্রকল্পের কার্যক্রম নিয়ে একটি ডকুমেন্টারী তৈরীর কাজ দ্রুত এগিয়ে চলেছে। ডকুমেন্টারী তৈরীকালে বিভিন্ন জেলার জেলা প্রশাসক, ইউআইএসসি'র উদ্যোক্তা ও সুফলভোগীদের সাথে প্রকল্পের কার্যক্রম নিয়ে আলোচনা হয়। আলোচনাকালে জেলা প্রশাসকগণ প্রকল্পটির ভূয়সী প্রসংশা করেন। ইউআইএসসি'র উদ্যোক্তা এবং সুফলভোগীরাও তাদের সন্তুষ্টির কথা জানান।



প্রশিক্ষণ শেষে নারায়ণগঞ্জ জেলার বিভিন্ন ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্রের উদ্যোক্তাদের মধ্যে সোলার সিস্টেম বিতরণ করছেন নারায়ণগঞ্জ জেলার জেলা প্রশাসক।

বিগত জুন, ২০১৫ মাসে নির্ধারিত সময়ের মধ্যেই প্রকল্পের আওতায় শতভাগ ভৌতিক কাজ অর্থাৎ ৩,২০৮টি ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্রে সোলার সিস্টেম স্থাপনের কাজ সফলভাবে সম্পন্ন হয়েছে। সোলার সিস্টেম স্থাপন পরবর্তী তদারকী, সেবা প্রদান এবং ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্রের উদ্যোক্তাদেরকে রিফ্রেশার্স প্রশিক্ষণ প্রদানের জন্য আগামী জুন, ২০১৬ পর্যন্ত প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা হয়েছে।

প্রকল্পের আওতার বাইরে অবশিষ্ট সকল ইউআইএসসিতে সোলার প্যানেল স্থাপন কর্মসূচি গ্রহণ করা হলে জনগণ ইউনিয়ন তথ্য ও সেবাকেন্দ্র থেকে নিরবচ্ছিন্নভাবে তথ্য ও সেবা পাবে। এর ফলে ইউআইএসসি'র প্রতি মানুষের আস্থা বাড়বে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সেবায় প্রবেশাধিকার বৃদ্ধির মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠীর দারিদ্র্য বিমোচন ও ক্ষমতায়ন হবে। সরকারের ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের কাজ ত্বরান্বিত হবে।
পিডিবিএফ এই গুরুত্বপূর্ণ প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে সরকারের ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে সহযোগী হতে পেরে গৌরবান্বিত বোধ করছে এবং ভবিষ্যতেও সরকারের যেকোন উন্নয়মূলক উদ্যোগের পাশে থাকার অঙ্গিকার ব্যক্ত করছে।

মুহিউদ্দিন আহমদ পান্না
যুগ্ম পরিচালক
মানব সম্পদ উন্নয়ন ও যোগাযোগ

## উপ-পরিচালকগণের সম্মেলন অনুষ্ঠিত



বিগত ২৬ নভেম্বর, ২০১৫ পিডিবিএফ প্রধান কার্যালয়ের প্রশিক্ষণ হলে জনাব মোঃ মাহবুবুর রহমান এর সভাপতিত্বে উপ-পরিচালকগণের সম্মেলন অনুষ্ঠিত হয়। ব্যবস্থাপনা পরিচালক তার স্বাগত বক্তব্যে পিডিবিএফ এর সকল সহকর্মীকে আন্তরিক ধন্যবাদ দিয়ে সেবার ব্রত নিয়ে কাজ করার আহবান জানান। তিনি পিডিবিএফ এর সেবা সকল দরিদ্র মানুষের নিকট পৌঁছে দিতে এবং পিডিবিএফ এর কার্যক্রম নতুন নতুন এলাকায় সম্প্রসারণের পরিকল্পনা ব্যক্ত করেন। সভায় সকল উপ-পরিচালক এবং প্রধান কার্যালয়ের অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত থেকে বিভিন্ন বিষয়ে বিভাগওয়ারী ধারাবাহিক আলোচনা করেন। সভায় জনাব মোঃ সগির হোসেন, পরিচালক (ভারপ্রাপ্ত), মাঠ পরিচালন বিগত বছরের লক্ষ্যমাত্রা প্রণয়ন ও অর্জন নিয়ে অঞ্চলওয়ারী ধারাবাহিক আলোচনা করেন এবং আগামী বছরের কর্মপরিকল্পন ও বাস্তবায়নের কৌশল নিয়ে আলোচনা করেন।

## পিডিবিএফ এর সহকর্মীদের মাঝে মোটর সাইকেল বিতরণ

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) একটি অমুনাফাকাঙ্খি সেবাদানকারী আর্থিক প্রতিষ্ঠান। সংশ্লিষ্ট সকলের আন্তরিক প্রচেষ্টা, সততা, শৃঙ্খখলা ও অক্লান্ত পরিশ্রমের ফলে পিডিবিএফ আজ একটি স্বয়ম্ভর প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। ২০০০ সালে যাত্রা শুরু করে পিডিবিএফ সফলভাবে পার করেছে ১৫টি বছর। পিডিবিএফ এর সাফল্যের ধারাবহিকতায় মুগ্ধ হয়ে ২০১১ সালে পিডিবিএফ এর "এগিয়ে চলার একযুগ" অনুষ্ঠানমালার শুভ উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এখানেই শেষ নয় পিডিবিএফ তার নিজস্ব কার্যক্রম পরিচালনার পাশাপাশি নিজস্ব ও সরকারী অর্থায়নের বেশ কয়েকটি প্রকল্প সফলভাবে বাস্তবায়ন করে আসছে।



পিডিবিএফ এর সহকর্মীর হাতে মোটর সাইকেলের চাবি তুলে দিচ্ছেন পিডিবিএফ এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ মাহবুবুর রহমান

বর্তমানে পিডিবিএফ এর প্রায় সাড়ে চার হাজার সহকর্মী ১০ লক্ষাধিক সদস্যদের মাঝে নিরলসভাবে সেবা প্রদান করে আসছে। সকল সহকর্মীদের সেবার মানবৃদ্ধি ও দ্রুত যোগাযোগের জন্য বিগত ১ সেপ্টেম্বর, ২০১৫ থেকে ০৯ নভেম্বর, ২০১৫ পর্যন্ত পিডিবিএফ এর ২০টি অঞ্চলের ৩৪০ জন কর্মকর্তার মাঝে ৩৪০টি মোটর সাইকেল বিতরণ করা হয়।
১. পিরোজপুর অঞ্চলে- ১৯, ২. বরিশাল- ২৩, ৩. বগুড়া- ২০, ৪. দিনাজপুর- ২০
৫. জামালপুর- ১৮, ৬. খুলনা- ১৯, ৭. কিশোরগঞ্জ- ২১, ৮. ময়মনসিংহ- ২৫
৯. টাঙ্গাইল- ২৬, ১০.সাতক্ষীরা- ২৩, ১১. ঠাকুরগাঁও- ২৫, ১২. মাগুড়া- ১৯
১৩. ভোলা- ২০, ১৪. নেত্রকোনা- ১২, ১৫. নরসিংদী- ১৮, ১৬. ঝালকাঠী- ৭
১৭. ঢাকা- ১৯, ১৮. কুমিল্লা- ৩, ১৯. সিলেট- ২, ২০. ফরিদপুর- ১টি।

★ নিশ্চয় যারা তাঁদের পালনকর্তাকে না দেখে ভয় করে, তাঁদের জন্য রয়েছে ক্ষমা ও মহাপুরস্কার। তোমরা তোমদের কথা গোপনে বল অথবা প্রকাশ্যে বল, তিনি (আল্লাহ) তো অন্তরের বিষয়াদী সম্পর্কে সম্যক অবগত।
- আল কুরআন

# বিশেষ কৃতিত্ব অর্জনকারী
## ২০১৪-২০১৫ অর্থ বছর

### ক্ষুদ্র ঋণ কার্যক্রম

প্রথম



নামঃ গকুল চন্দ্র দাস
পরিচিতি নং ০৩০৭৮
পদবীঃ মাঠ কর্মকর্তা
কমস্থলের নামঃ বাগআঁচড়া, সাতক্ষীরা
বার্ষিক ঋণ বিতরণঃ ১ কোটি ০১ লক্ষ
বর্ষিক ঋণ আদায়ঃ ১ কোটি ১৭ লক্ষ
মাঠে পাওনা ঋণের পরিমাণঃ ৫৪ লক্ষ
সঞ্চয় স্থিতিঃ ৪৮ লক্ষ
খেলাপী স্থিতিঃ ০.৮২ লক্ষ
ঋণী সদস্যঃ ৪০০ জন
বার্ষিক ঋণ আদায় হারঃ ৯৯%

দ্বিতীয়



নামঃ মোঃ আবু হানিফ
পরিচিতি নং ০৩৫৩৩
পদবীঃ মাঠ কর্মকর্তা
কর্মস্থলের নামঃ গাবতলী, বগুড়া
বার্ষিক ঋণ বিতরণঃ ১ কোটি ০৩ লক্ষ
বর্ষিক ঋণ আদায়ঃ ১ কোটি ০৭ লক্ষ
মাঠে পাওনা ঋণের পরিমাণঃ ৫৬ লক্ষ
সঞ্চয় স্থিতিঃ ২২ লক্ষ
খেলাপী স্থিতিঃ ০.৫১ লক্ষ
ঋণী সদস্যঃ ৪৬১ জন
বার্ষিক ঋণ আদায় হারঃ ৯৯%

তৃতীয়



নামঃ রহমানিয়া পারভীন
পরিচিতি নং ০০৮৬৩
পদবীঃ সহকারী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
কর্মস্থলের নামঃ দিনাজপুর সদর, দিনাজপুর
বার্ষিক ঋণ বিতরণঃ ৯৫ লক্ষ
বর্ষিক ঋণ আদায়ঃ ১ কোটি ০২ লক্ষ
মাঠে পাওনা ঋণের পরিমাণঃ ৫৭ লক্ষ
সঞ্চয় স্থিতিঃ ৭৭ লক্ষ
খেলাপী স্থিতিঃ ০.৬৫ লক্ষ
ঋণী সদস্যঃ ৪০০জন
বার্ষিক ঋণ আদায় হারঃ ১০০%

### ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ কার্যক্রম (SELP)

প্রথম



নামঃ মোঃ সুজাউল ইসলাম
পরিচিতি নং ০২৯২০
পদবীঃ সহকারী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
কর্মস্থলের নামঃ আদমদিঘী, বগুড়া
বার্ষিক ঋণ বিতরণঃ ২ কোটি ৭১ লক্ষ
বর্ষিক ঋণ আদায়ঃ ২ কোটি ৭২ লক্ষ
মাঠে পাওনা ঋণের পরিমাণঃ ১ কোটি ৯৩ লক্ষ
মোট সোনালী সঞ্চয় আদায়ঃ ১২ লক্ষ
বার্ষিক ঋণ আদায় হারঃ ৯৯%

দ্বিতীয়



নামঃ মোঃ মাহবুবুর রহমান
পরিচিতি নং ০১৩৪৬
পদবীঃ সহকারী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
কর্মস্থলের নামঃ শার্শা, সাতক্ষীরা
বার্ষিক ঋণ বিতরণঃ ২ কোটি ৩৩ লক্ষ
বর্ষিক ঋণ আদায়ঃ ২ কোটি ৪৩ লক্ষ
মাঠে পাওনা ঋণের পরিমাণঃ ১ কোটি ৬১ লক্ষ
মোট সোনালী সঞ্চয় আদায়ঃ ২৩ লক্ষ
বার্ষিক ঋণ আদায় হারঃ ৯৯%

তৃতীয়



নামঃ মোঃ আতাউর রহমান
পরিচিতি নং ০২২৩১
পদবীঃ সহকারী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
কর্মস্থলের নামঃ দুঁপচাচিয়া, বগুড়া
বার্ষিক ঋণ বিতরণঃ ২ কোটি ২৯ লক্ষ
বার্ষিক ঋণ আদায়ঃ ২ কোটি ৪৯ লক্ষ
মাঠে পাওনা ঋণের পরিমাণঃ ১ কোটি ৬৭ লক্ষ
মোট সোনালী সঞ্চয় আদায়ঃ ১৫ লক্ষ
বার্ষিক ঋণ আদায় হারঃ ৯৯%

## যাঁদেরকে আমরা হারালাম
### (জুলাই, ২০১৪ হতে সেপ্টেম্বর, ২০১৫ পর্যন্ত)



নাম ঃ আব্দুর রউফ
পরিচিতি নং ০৩৩৬৭
পদবীঃ মাঠ সংগঠক
শেষ কর্মস্থলের নামঃ তালা, সাতক্ষীরা
মৃত্যুর তারিখঃ ০৪/০৭/২০১৪



নাম ঃ কামরুজ্জামান
পরিচিতি নং- ০২৮৮১
পদবীঃ মাঠ কর্মকর্তা
শেষ কর্মস্থলের নামঃ কালীয়া, খুলনা
মৃত্যুর তারিখঃ ২১/০৭/২০১৪



নাম ঃ এনামূল হক
পরিচিতি নং- ০০০৬০
পদবীঃ বার্তাবাহক
শেষ কর্মস্থলের নামঃ হোসেনপুর, কিশোরগঞ্জ
মৃত্যুর তারিখঃ ১৪/০৯/২০১৪



নামঃ কাউছার আলী
পরিচিতিনং ০০৩৯৭
পদবীঃ বার্তাবাহক
শেষ কর্মস্থলের নামঃ রূপসা, খুলনা
মৃত্যুর তারিখঃ ০২/১২/২০১৪



নাম ঃ আব্দুর সোবাহান
পরিচিতি নং- ০০১৮৪
পদবীঃ বার্তাবাহক
শেষ কর্মস্থলের নামঃ বারহাট্রা, নেত্রকোনা
মৃত্যুর তারিখঃ ২২/১২/২০১৪



নাম ঃ রহমাতুল্লাহ
পরিচিতি নং- ০০১৯০
পদবীঃ সহকারী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
শেষ কর্মস্থলের নামঃ সৈয়দপুর, দিনাজপুর
মৃত্যুর তারিখঃ ৩১/০১/২০১৫
মৃত্যুর কারণঃ হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে



নাম ঃ জয়নাল আবেদীন
পরিচিতিনং ০১০৬৬
পদবীঃ বার্তাবাহক
শেষ কর্মস্থলের নামঃ গোবিন্দগঞ্জ, বগুড়া
মৃত্যুর তারিখঃ ১৭/০২/২০১৫
মৃত্যুর কারণঃ ওরাল ক্যানসার



নামঃ জালাল উদ্দিন
পরিচিতি নং- ০১৮৭৫
পদবীঃ সহকারী পরিচালক, আইটি
শেষ কর্মস্থলের নামঃ আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ
মৃত্যুর তারিখঃ ২৬/০৪/২০১৫
মৃত্যুর কারণঃ হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে



নামঃ ফজলে আকতার
পরিচিতি নং- ০১১৯৭
পদবীঃ উপজেলা দারিদ্র্য বিমোচনকর্মকর্তা
শেষ কর্মস্থলের নামঃ বাগেরহাট সদর, পিরোজপুর
মৃত্যুর তারিখঃ ১৪/০৬/২০১৫
মৃত্যুর কারণঃ দুর্ঘটনাজনিত



নামঃ এ হাই আকন্দ
পরিচিতি নং- ০০৬৫৩
পদবীঃ উর্ধ্বতন মাঠ কর্মকর্তা
শেষ কর্মস্থলের নামঃ ভৈরব, কিশোরগঞ্জ
মৃত্যুর তারিখঃ ১৬/০৬/২০১৫
মৃত্যুর কারণঃ হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে



নামঃ মোঃ রেজাউল করিম
পরিচিতি নং- ০০৪২২
পদবীঃ বার্তাবাহক
শেষ কর্মস্থলের নামঃ প্রধান কার্যালয়, ঢাকা
মৃত্যুর তারিখঃ ২৭/০৮/২০১৫
মৃত্যুর কারণঃ হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে



নামঃ মোঃ হযরত আলী
পরিচিতি নং- ০০০৯২
পদবীঃ উপ-সহকারী পরিচালক
শেষ কর্মস্থলের নামঃ আঞ্চলিক কার্যালয়, টাঙ্গাইল
মৃত্যুর তারিখঃ ৩০/০৯/২০১৫
মৃত্যুর কারণঃ হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে

## অবসরে গেলেন যারা
### (জুলাই, ২০১৪ হতে জুন, ২০১৫ পর্যন্ত)



নূরজাহান বেগম
পরিচিতি নং- ০১৯৮৪
পদবীঃ যুগ্ম পরিচালক, এইচআরডি ও যোগাযোগ
শেষ কর্মস্থলের নামঃ প্রধান কার্যালয়, ঢাকা
অবসরের তারিখঃ ০৪/০৬/২০১৫



মোঃ ছায়েদুল হক
পরিচিতি নং- ০০৫৭১
পদবীঃ উপ-পরিচালক
শেষ কর্মস্থলের নামঃ উপ-পরিচালকের কার্যালয়, ভোলা
অবসরের তারিখঃ ৩১/১২/২০১৪



মোঃ ইরফান আলী চৌধুরী
পরিচিতি নং-০২১৬৪
পদবীঃ উপ-পরিচালক
শেষ কর্মস্থলের নামঃ উপ-পরিচালকের কার্যালয়, দিনাজপুর
অবসরের তারিখঃ ৩০/০৬/২০১৫



মোঃ আবু তাহের
পরিচিতি নং- ০০৭২১
পদবীঃ উর্ধ্বতন দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
শেষ কর্মস্থলের নামঃ লাকসাম, কুমিল্লা
অবসরের তারিখঃ ৩১/১২/২০১৪



কেএম নজরুল ইসলাম
পরিচিতি নং- ০০৭৪১
পদবীঃ সহকারী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
শেষকর্মস্থলের নাম ঃ বাগআচঁড়া, সাতক্ষীরা
অবসরেরতারিখঃ ১৯/০৪/২০১৫



মোঃ শওকত আলী
পরিচিতি নং- ০২৪৯৭
পদবীঃ প্রশাসনিক কর্মকর্তা
শেষ কর্মস্থলের নামঃ প্রধান কার্যালয়, ঢাকা
অবসরের তারিখঃ ৩১/১২/২০১৪

